

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৬৪.২০২৩/৪৬২৬

তারিখ: ০৪ এপ্রিল ২০২৩ বঙ্গাব্দ  
৩১ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি ড. সুমন কুমার পাণ্ডে (১৭৬১৬) (সাময়িক বরখাস্তকৃত), প্রাক্তন অধ্যক্ষ, রুপনগর মডেল স্কুল এ্যান্ড কলেজ, মিরপুর, ঢাকা (বদলী আদেশাধীন সহযোগী অধ্যাপক, বাংলা, হাজী আব্দুল বাতেন সরকারি কলেজ, সন্দী, চট্টগ্রাম) প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে 'উপপরিচালক' পদে প্রেষণে পদায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: জাকির হোসেন এম.পি এর সাক্ষর জাল করে ভূয়া ও মিথ্যা আধা-সরকারি পত্র প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দাখিল করেন যা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৩৮.০০.০০০০.০০১.১৯.০৩১.১৬.৭৩৩ নং স্মারকে এ বিভাগে অবহিত করা হয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ও ০৫.০০.০০০০.১৩২.১৯.০২৯.২৩.৮২৯ নং স্মারকে আপনার বিরুদ্ধে জালিয়াতির মাধ্যমে আধা-সরকারি পত্র প্রস্তুত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছে;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

(সোলেমান খান)  
২২/১০/২৩  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

ড. সুমন কুমার পাণ্ডে (১৭৬১৬)

অধ্যক্ষ, রুপনগর মডেল স্কুল এ্যান্ড কলেজ, মিরপুর, ঢাকা

(বদলী আদেশাধীন সহযোগী অধ্যাপক, বাংলা, হাজী আব্দুল বাতেন সরকারি কলেজ, সন্দীপ, চট্টগ্রাম।

**স্থায়ী ঠিকানা:**

ড. সুমন কুমার পাণ্ডে (১৭৬১৬),

পিতা: মৃত সুকুমার কুমার পাণ্ডে

গ্রাম: নারায়নপুর, ডাকঘর: বাঘা-৬২৮০, উপজেলা: বাঘা, জেলা: রাজশাহী।

**অনুলিপি:**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

ড. সুমন কুমার পান্ডে (১৭৬১৬) (সাময়িক বরখাস্তকৃত), প্রাক্তন অধ্যক্ষ, রুপনগর মডেল স্কুল এ্যান্ড কলেজ, মিরপুর, ঢাকা (বদলী আদেশাধীন সহযোগী অধ্যাপক, বাংলা, হাজী আব্দুল বাতেন সরকারি কলেজ, সন্দ্বীপ, চট্টগ্রাম) প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে 'উপপরিচালক' পদে প্রেষণে পদায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: জাকির হোসেন এম.পি এর সাক্ষর জাল করে ভূয়া ও মিথ্যা আধা-সরকারি পত্র প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দাখিল করেন যা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৩৮.০০.০০০০.০০১.১৯.০৩১.১৬.৭৩৩ নং স্মারকে এ বিভাগে অবহিত করা হয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ও ০৫.০০.০০০০.১৩২.১৯.০২৯.২৩.৮২৯ নং স্মারকে তার বিরুদ্ধে জালিয়াতির মাধ্যমে আধা-সরকারি পত্র প্রস্তুত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছে;

ড. সুমন কুমার পান্ডে (১৭৬১৬) (সাময়িক বরখাস্তকৃত), প্রাক্তন অধ্যক্ষ, রুপনগর মডেল স্কুল এ্যান্ড কলেজ, মিরপুর, ঢাকা (বদলী আদেশাধীন সহযোগী অধ্যাপক, বাংলা, হাজী আব্দুল বাতেন সরকারি কলেজ, সন্দ্বীপ, চট্টগ্রাম) এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

সোলেমান খান  
১২/১১/১৭  
(সোলেমান খান)  
সচিব